

**ছাত্রলীগ ও ছাত্রদলের
পাল্টাপাল্টা কর্মসূচি :
ক্যাম্পাসে উত্তেজনা**

ক্রমিক নং :
পৃষ্ঠা : ৩

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগমনকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদল পাল্টাপাল্টা কর্মসূচি গ্রহণ করেছে। ছাত্রলীগ ক্যাম্পাস : পৃষ্ঠা : ১০ কলাম : ৬

ক্যাম্পাস : ছাত্রলীগ

(১ম পৃষ্ঠার পর্ব)

প্রধানমন্ত্রীর আগমন প্রতিরোধের ঘোষণা নিয়ে কালো পতাকা মিছিল-সমাবেশের কর্মসূচি দিয়েছে। অন্যদিকে ছাত্রদল বলেছে, তারা ছাত্রলীগকে যে কোন মূল্যে প্রতিহত করবে। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা দেখা দিচ্ছে।

আজ বিকাল ৪টায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অমর একুশে বইমেলা উদ্বোধন করতে বাংলা একাডেমীতে আসবেন। তার আগমন প্রতিহত করার ঘোষণা দিয়ে গতকাল মধুর কেতিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ সভাপতি শিয়াকত শিকদার বলেন, খালেদা জিয়ার একুশে বইমেলা উদ্বোধন করার কোন নৈতিক অধিকার নেই। কারণ তিনি স্বাধীনতা বিরোধী জামায়াত চক্রের সহযোগী। এ সময় সংগঠনের নেত্রী মাক্কা আখতার পপি, আমিনুল ইসলাম, সাইফুজ্জামান শিবর, খান মঈনুল মোস্তাক, পনিরুজ্জামান তরুণ, অলক বণিক, আবদুল আলিম, মমিন পাটোয়ারী, নূর আলম উজ্জ্বল, হেমায়েত উদ্দিন হিমু, বেগ শাহীন জাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

শিয়াকত শিকদার বলেন, স্বাধীনতা বিরোধী

জামায়াত-শিবির চক্রকে নিয়ে সরকার গঠনকারী খালেদা জিয়ার বইমেলা উদ্বোধন করার কোন অধিকার নেই। তার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী হিসেবে আখ্যা দিয়ে বলেন, যদি তিনি জামায়াত-শিবির চক্রকে ত্যাগ করে বইমেলা উদ্বোধন করতে আসেন তবে তারা প্রধানমন্ত্রীকে যাপ্ত জানাতে পারেন। অন্যদিকে ছাত্রদলও ছাত্রলীগকে প্রতিহত করার ঘোষণা দিয়েছে। গতকাল এক সমাবেশে ছাত্রদল সভাপতি সাহাবুদ্দিন দাশু ঘোষণা দিয়ে বলেন, ছাত্রদল সহাবস্থানের রাজনীতিতে বিশ্বাস করে। এটাকে দুর্বলতা ভেবে কেউ যদি দেশের নির্বাচিত সরকারের প্রধানমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগমনকে প্রতিরোধ করার ঘোষণা দেয়, তবে ছাত্রদলও তার সমুচিত জবাব দেবে।

তিনি অপরায়েয় বাংলার পাদদেশে প্রধানমন্ত্রীর আগমন ও উর্তিছুদের যাপ্ত জানিয়ে আয়োজিত মিছিল-পরবর্তী এক সমাবেশে একথা বলেন। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি আমীকুল ইসলাম আলীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে মুলতান সাল্যুউদ্দিন টুকু, হাসান মামুন বক্তৃতা করেন। এ সময় সেলিমুজ্জামান সেলিম, শামসুজ্জামান মেহেনী, শহিদুল ইসলাম বাবুল, আঃ কাদের জায়েল, মোস্তফা খান, রুহুল আমীন বাবুল প্রমুখ উপস্থিত ছিলেন।

ওদিকে ৮টি বাম ছাত্র সংগঠনও প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে কালো পতাকা মিছিল এবং কর্মসূচি পালন করবে।

আলোচনা সভা
এদিকে বিকালে টিএসসিতে যোপাঠিত স্বাধীনতা চত্বরে 'জগন্নাথ হল নির্দাতন দিবস' পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য অবদুর রাজাক প্রধান অতিথির বক্তৃতা রাখেন। অন্যান্যের মধ্যে সুভাষ সিংহ, সৃজিত রায় নন্দী, শিয়াকত শিকদার, নজরুল ইসলাম বাবু, পংকজ সাহা প্রমুখ বক্তৃতা করেন।